

## ক) গোষ্ঠী সাময়িক বীমা :

### Group Term Insurance

এই বীমায় কোন গ্রুপের সদস্যদের নির্দিষ্ট মেয়াদের জন্য শুধুমাত্র মৃত্যুবুঁকি গ্রহণ করা হয়। চুক্তির আওতায় গ্রুপভুক্ত সদস্যের মৃত্যু হলে তার জন্য পূর্ব নির্ধারিত বীমা অংক বীমাকারী প্রতিষ্ঠান বীমা গ্রহীতা প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধ করে থাকে।

#### এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ বীমার প্রবেশকালীন সময়সীমা : ১৮ থেকে ৬০ বছর ক্ষেত্র বিশেষে ৬৫ বছর)
  - ❖ গোষ্ঠী বীমার সদস্য সংখ্যা : ২০ জন থেকে তদূর্ধ্ব
  - ❖ চুক্তির মেয়াদ : সাধারণত ৩ বছর
  - ❖ বীমা অংক : বীমা গ্রহীতার প্রস্তাব অনুযায়ী বীমা অংক নির্ধারণ করা হয়
  - ❖ প্রিমিয়াম প্রদত্তি : বার্ষিক
  - ❖ প্রফিট কমিশন প্রদান : বীমা চুক্তির আওতায় সদস্য সংখ্যা ২০০ জনের বেশী হলে প্রফিট কমিশন দেয়া হয়। তিন বৎসরে মোট অর্জিত প্রিমিয়াম হতে ব্যবস্থাপনা খরচ বাদ দিয়ে এবং বীমা দাবীপরিশোধ করার পর উদ্বৃত্ত থাকলে চুক্তিপত্রে উল্লেখিত শর্ত মোতাবেক উদ্বৃত্ত প্রিমিয়ামের অংশ বিশেষ প্রফিট কমিশন হিসেবে বীমা গ্রহীতা প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধ করা হয়ে থাকে।
- সহযোগী বীমা :
- ঃ এ বীমার সাথে কিছু অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে সহযোগী বীমা সুবিধা নেয়া যেতে পারে। এতে দুর্ঘটনাজনিত মৃত্যুতে বীমা অংকের দ্বিগুণ সুবিধা (DIAB) এবং বীমা অংকের দ্বিগুণ সুবিধাসহ অঙ্গহানী ক্ষতিপূরণ সুবিধা (PDAB) ও গুরুব্যায়ী বীমা (CIB) সুবিধা পাওয়া যাবে।

#### এই বীমার সুবিধাসমূহ :

- ১। এই বীমার প্রিমিয়ামের হার অনেক কম।
- ২। গ্রুপভুক্ত সদস্যের মৃত্যুতে পূর্ব নির্ধারিত বীমা অংক পরিশোধ করা হয়।
- ৩। গ্রুপভুক্ত সদস্যের মৃত্যুতে দ্রুত বীমা দাবী পরিশোধ করা হয়।
- ৪। এই পরিকল্পনে গ্রুপভুক্ত সদস্যের সংযোজন ও বিয়োজনের সুযোগ রয়েছে।
- ৫। এই বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।